

দিনাজপুরে শিক্ষামন্ত্রী  
বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষকদের বিষয়টি  
বিবেচনা করছে

সরকার

■ দিনাজপুর প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা উচ্চতর স্তরে গেলে সম্মান্য না থাকার আশঙ্কা করছেন, তাদের এই বিষয়টি প্রত্যাব হিসেবে গ্রহণ করে মন্ত্রিসভা বেতন বৈষম্য সমাধান কমিটি গঠন করে দিয়েছে। এটি নিয়ে শিক্ষকদের অসন্তুষ্টি বা আঁহির হওয়ার কারণ নেই, সরকার এটিকে গুরুত্ব দিয়ে কমিটি গঠন এবং তাদের দাবির বিষয়ে বিবেচনা করবে। গতকাল বিকেলে দিনাজপুর শিও একাডেমিতে আয়োজিত শিক্ষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। দিনাজপুরের জেলা প্রশাসক মীর খায়রুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাতীয় সংসদের ছইপ ইকবালুর রহিম এমপি ও দিনাজপুরের পুলিশ সুপার রুহুল আমিন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বিসিএস শিক্ষকরা উচ্চতর স্তরে যাওয়ার সুযোগ মন্ত্রণালয় থেকে পান। সে বিষয়ে তাদের কোনো দাবি থাকলে আমরা আলাপ-আলোচনা করব। কিন্তু তারা আমাদের কোনো কিছু না বলেই আন্দোলনে চলে গেছেন। এরপরও তাদের সঙ্গে আলোচনা করা হবে।

মন্ত্রী বলেন, বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদেরও বেতন সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে সমানভাবে দেওয়া হয়েছে। দাবি না করা সত্ত্বেও তাদের এই বেতন দেওয়া হয়েছে। এতে শিক্ষকদের বেতন হ্রাস হয়ে গেছে বলে জানান তিনি।